# উপজেলা পরিষদ

## বিশ্বনাথ, সিলেট

### উপজেলা পরিষদের জুন ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
সভার স্থান ঃ বিআরডিবি হলরুম, বিশ্বনাথ, সিলেট
সভার তারিখ ঃ ১৫-০৬-২০২২ খ্রি., সকালঃ ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

বিশ্বনাথ উপজেলা পরিষদের অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার বিশ্বনাথ, সিলেট'কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরুপ ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে, কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ |
| ০২ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন | বিভিন্ন দপ্তর কর্তৃক কোন সার্কুলার পাওয়া যায়নি। | -------- | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলার স্থায়ী কমিটি সমূহের সুপারিশ | উপজেলার স্থায়ী কমিটি সমূহের কোন সুপারিশ পাওয়া যায় নি। | উপজেলার স্থায়ী কমিটি সমূহের সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করে সুপারিশ পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | সংসদ সদস্য মহোদয়ের উপদেশ | মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত না থাকায় কোন উপদেশ পাওয়া যায়নি। | ------ | ----- |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান চলমান আগামী ১৫/০৬/২০২২ খ্রি. হইতে ১৯/০৬/২০২২ খ্রি. হতে ০৬ (ছয়) মাস থেকে ০৫ (পাঁচ) বছর বয়সসীমার সকল শিশুদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম চলমান আছে। ১ম, ২য় ডোজ কোভিড ভ্যাকসিন প্রদান কার্যক্রমের সাথে সাথে ৩য় (বুষ্টার) ডোজ প্রদান করা হবে। পানি বাহি রোগ ও ডায়রিয়া চিকিৎসায় পর্যাপ্ত ঔষুধ ও খাবার স্যালাইন মজুদ আছে এবং প্রত্যেক কমিউনিটি ক্লিনিক ও উপস্বাস্থ্য কেন্দ্রে সরবরাহ করা হয়েছে। সাথে সাথে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ ও সরবরাহ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৬ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান অতিবৃষ্টি ও বন্যার কারনে আউশ ধান আবাদ লক্ষ্য মাত্রা অর্জন করা সম্ভব হয় নি। এখন পর্যন্ত ৯৫০ হে. জমিতে আউশ ধান রোপন করা সম্ভব হয়েছে। আমন ধানের বেশি ফলন পেতে ব্রি ধান ৮৭ ব্রি ধান ৫২ ও হাইব্রীড জাতের ধান আবাদে কৃষকদের উৎসাহিত করা হচ্ছে। আগাম সবজি ও সরিষা চাষ করা সম্ভব এমন জমিতে কম জীবন কালের আমন ধানের জাত ব্রি ধান ৭৫, ব্রি ধান ৮৭, বিল ধান ৭ নির্বাচন করতে হবে। উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ পাওয়া গেলে অনেক কৃষককে সরিষা বীজ প্রদান করা যাবে এবং সরবরাহের অন্যতম লক্ষ্য তেল ফসল উৎপাদন বৃদ্ধি করা লক্ষ্য মাত্রা অর্জন সম্ভব হবে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ২৫৪০টি গবাদি পশু এবং ১৫,৫০০ হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া ও ০৪টি উঠান বৈঠক ও একটি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন করে গবাদি পশুর চিকিৎসা ও টিকা প্রদান করা হয়। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৮ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী নিম্নেবর্ণিত আলোচনা সভায় উপস্থাপন করা হলো-<br>১। ১৫.০৭.২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সহায়তা কর্মসূচী ২০২১-২০২২এর কার্য বিবরনীর ক্রমিক নং-১৮৪,১৮৫,১৮৮,১৯৪ প্রকল্পগুলি রাজস্ব উন্নয়ন (এডিপি) ও ক্রমিক নং-১৯৯ এডিপি খাত হইতে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করা প্রয়োজন।<br>২। ১৫.০৭.২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সহায়তা কর্মসূচী ২০২১-২০২২এর কার্য বিবরনীর ক্রমিক নং ৭৪নং ক্রমিকের পরিবর্তে সংশোধিত প্রকল্প উপজেলা পরিষদে সাউন্ড সিস্টেম ক্রয় প্রকল্প বাস্তবায়নের ধরন পরিবর্তন করে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন সংশোধনী আনয়ন করা প্রয়োজন ।<br>৩। এলজিইডি'র অন্যান্য চলমান কার্য্যক্রম স্বাভাবিক অবস্থায় আছে। | ১। বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত পূর্বক আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।<br>২। বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের ধরন পরিবর্তন করে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।<br>৫।এলজিইডি'র অন্যান্য চলমান কার্য্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হইল। | ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ, সিলেট । |
| ০৯ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে ইতোমধ্যে শেষ হয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুনামেন্ট এ মাসেই শেষ হবে। ইতোমধ্যে ০৩টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামতের ২,০০০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং স্লীপ ফান্ডের টাকা ছাড়করণের ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া সাম্প্রতিক বন্যায় এখন পর্যন্ত ০৯/১০ টা স্কুল বন্যা আশ্রয় কেন্দ্র/প্লাবিত হয়েছে। এ ব্যাপারে ইউপি চেয়ারম্যান মহোদয়গনের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান কালবৈশাখী ঝড়ে নিজস্ব টিনসেডের ভবনটি ক্ষতিগ্রস্ত হওয়ায় বর্তমানে পুরাতন উপজেলা পরিষদ ভবনের ০২টি রুমে দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত ০২টি রুমের অবস্থা খুবই জরাজীর্ণ। মোট ০৩টি জানালা ভাঙ্গা যা দিয়ে বৃষ্টির পানি এসে রুমের ফ্লোরে প্রবেশ করে। যারদরুণ দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে পরিচালনার স্বার্থে উক্ত রুম ০২টি সংস্কার/মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | উক্ত রুম ০২টি সংস্কার/ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ, সিলেট<br>০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর/কাবিটা/কাবিখা- ২য়/৩য় পর্যায় সাম্প্রতিক বন্যা পরিস্থিতি এবং পাহাড়ি ঢলের কারনে উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা অসম্ভব হয়ে পড়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদানের জন্য তিনি সভায় অনুরেধ জানান।<br>জুন মাসের ভিতর সকল রকমের কাজ বাস্তবায়ন করা বিল ভাউচার জমা প্রদান/বিল উত্তোলন/ বরাদ্দ প্রাপ্তি সবকিছু সম্পন্ন করা প্রতিবন্ধকতা সৃষ্টি হবে। তাই উপজেলা পরিষদ সাধারন সভায় রেজুলেশনে বিল উত্তলন পূর্বক পরবর্তীতে কাজ/বাস্তবায়ন করে অর্থ প্রদান করা হবে। | ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর/ কাবিটা/কাবিখা- ২য়/ ৩য় পর্যায় কাজের সাম্প্রতিক বন্যার কারণে যেহেতু বাস্তবায় করা সম্ভব হচ্ছেনা। সেহতু অত্র উপজেলার উন্নয়নের স্বার্থে অর্থ যাতে ফেরৎ না যায় সে জন্য জুন/২০২২ এর পরবর্তীতে কাজ বাস্তবায়ন সাপেক্ষে অর্থ পরিশোধের নিমিত্ত উক্ত কাজের অর্থ একটি যৌথ হিসাব খোলে জমা প্রদান করা এবং পরবর্তীতে কাজ বাস্তবায়নের পর কাজ পরিদর্শনপূর্বক অর্থ ছাড়করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ<br>০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিশ্বনাথ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | আয়-ব্যয় হিসাব | ০১। উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ে আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ হয়েছে।<br>০২। উপজেলা পরিষদের নতুন জীপ গাড়ীর মেরামত ও খুচরা যন্ত্রাংশ ক্রয় বিল দাখিল বাবদ ৯৯,৯৫০/- (নিরানব্বই হাজার নয়শত পঞ্চাশ) টাকার বিল পরিশোধ করা হয়েছে। | ০১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধিত/ দাখিলকৃত উক্ত বিলগুলি অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ |
| ১৪ | শোক প্রস্তাব | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও চেয়ারম্যান, বিশ্বনাথ, রামপাশা ও লামাকাজী ইউনিয়ন পরিষদসহ উপস্থিত অন্যান্য চেয়ারম্যানবৃন্দ সভাকে অবহিত করেন যে, বিশ্বনাথ উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এবং বিভিন্ন শিক্ষা ও সামাজিক সংগঠনের প্রতিষ্ঠাতা জনাব আলহাজ্ব মোঃ পংকি খান গত ১১-০৬-২০২২ তারিখ ইন্তেকাল করেছেন। তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয় এবং সভায় শোক প্রস্তাব উথাপন করা হয়। | উপজেলা আওয়ামী লীগ এর সভাপতি জনাব আলহাজ্ব মোঃ পংকি খান এর মৃত্যুতে শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

15/06/2022

(মোঃ নুনু মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বনাথ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
বিশ্বনাথ, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১২০.০০২.০৩.০০১.২২.৭৩৭, তারিখ ঃ ১৫-০৬-২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. মাননীয় সংসদ সদস্য, সিলেট-২
০২. সিনিয়রসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট
০৭. নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, সিলেট
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
০৯. জনাব ......................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১০. উপজেলা.......................................................................................কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট
১১. চেয়ারম্যান, লামাকাজী/খাজাঞ্চী/অলংকারী/রামপাশা/দৌলতপুর/বিশ্বনাথ/দেওকলস/দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১২-১৪। জনাব .................................,............ সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১৫। অফিস নথি

১৫.০৬.২২

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বনাথ, সিলেট
☎০৮২২৪-৫৬০৬৯

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ জুলিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, বিশ্বনাথ |
| ০২ | জনাব সমীর কান্তি দেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৩ | জনাব ডাঃ মোহাম্মদ আব্দুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৪ | জনাব মোঃ ছয়ফুল হক, চেয়ারম্যান, ০৬নং বিশ্বনাথ ইউ.পি, বিশ্বনাথ |
| ০৫ | জনাব মো কবির হোসেন ধলা মিয়া, চেয়ারম্যান, ০১নং লামাকজি ইউ.পি. বিশ্বনাথ |
| ০৬ | জনাব মোহাম্মদ আলমগীর, চেয়ারম্যান, ০৪ নং রামপাশা ইউ. পি, বিশ্বনাথ |
| ০৭ | জনাব খায়রুল আমিন আজাদ, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ০৭ নং দেওকলস ইউ. পি, বিশ্বনাথ |
| ০৮ | জনাব এমাদ উদ্দিন খান, চেয়ারম্যান, ০৮ নং দশঘর ইউ.পি, বিশ্বনাথ |
| ০৯ | জনাব কনক চন্দ্র রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১০ | জনাব মোঃ নুর উদ্দিন, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ০৭ নং দৌলতপুর ইউ. পি, বিশ্বনাথ |
| ১১ | জনাব নাজমুল ইসলাম রুহেল, চেয়ারম্যান, ০৩ নং অলংকারি ইউ. পি, বিশ্বনাথ |
| ১২ | জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৩ | জনাব কনক চন্দ্র রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৪ | জনাব মাহবুব আলম সরকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৫ | জনাব সঞ্জিত চন্দ্র সরকার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ |
| ১৬ | জনাব ডাঃ আবুল বাশার জুয়েল, উপজেলা প্রানিসম্পদ সম্প্রসারন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৭ | জনাব মোঃ মামুনুর রশীদ, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বনাথ |
| ১৮ | জনাব মোহাম্মদ আশরাফুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৯ | জনাব বদরুন নাহার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ |
| ২০ | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ২১ | জনাব মোঃ আবু সাইদ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ |
| ২২ | জনাব রাসনা বেগম, সংরক্ষিত মহিলা আসনের সদস্য, ০৫নং দৌলতপুর ইউ.পি, বিশ্বনাথ |

উপজেলা পরিষদের জুন-২০২২ ইং মাসের সাধারণ সভার উপস্থিত স্বাক্ষর

সভাপতিঃ- জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান উপজেলা পরিষদ বিশ্বনাথ

তাং- ২২/০৬/২০২২ খ্রিঃ - সময়ঃ- বেলা- ১১.৩০ মিঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছা: জুলিয়া বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | |
| ০২ | [illegible] | USEO | |
| ০৩ | ডাঃ মোহাম্মদ আব্দুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ০৪ | মো: [illegible] | চেয়ারম্যান | |
| ০৫ | মো: [illegible] | চেয়ারম্যান [illegible] | |
| ০৬ | মোহাম্মদ আলমগীর | চেয়ারম্যান | |
| ০৭ | মো: [illegible] আমিন [illegible] | চেয়ারম্যান ৭ নং | |
| ০৮ | [illegible] | চেয়ারম্যান [illegible] | |
| ০৯ | মো: [illegible] | চেয়ারম্যান ৫ নং; দৌলতপুর | |
| ১০ | কনক চন্দ্র রায় | উপজেলা কৃষি অফিসার | |
| ১১ | নাজমুল ইসলাম সোহেল | চেয়ারম্যান ৩ নং অলংকারী ইউ/পি | |
| ১২ | কমলিনী কান্তি রায় | উপজেলা [illegible] কর্মকর্তা (অ: দা:) | |
| ১৩ | মো: মাহবুব আলম সরকার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১৪ | মো: আব্দুল মজিদ সহ: অধ্যাপক বিশ্ব: কলেজ | বিশ্বনাথ সরকারি কলেজ | |
| ১৫ | সজিত চন্দ্র সরকার | SAE, DPHE, Biswanath | |
| ১৬ | ডাঃ [illegible] | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা | |
| ১৭ | মো: মামুনুর রশীদ | [illegible], পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ১৮ | মোহাম্মদ আনোয়ারুল ইসলাম | USSO, বিশ্বনাথ | |
| ১৯ | বদরুন নাহার | UWAO, বিশ্বনাথ | |
| ২০ | তানভীর হোসেন | UAVDO, বিশ্বনাথ | |
| ২১ | মো: [illegible] | এজিএম, বিশ্বনাথ পল্লী বিদ্যুৎ | |
| ২২ | মো: আব্দুর রাজ্জাক | UEO, বিশ্বনাথ | |
| ২৩ | মো: আবু সাঈদ | UE, Biswanath | |
| ২৪ | হাসনা বেগম | দৌলতপুর U.P. সদস্যা | |
| ২৫ | ফারুক আহমদ | প্রোগ্রাম কোঅর্ডিনেটর, [illegible] | |